



হিউম্যান প্যাপিলোমাইভাস (Human papillomavirus, HPV) টিকা: আপনার শিশুকে ক্যান্সার থেকে সুরক্ষা দেওয়ার একটি নিরাপদ ও কার্যকরী উপায়

প্রতি বছর HPV-এর কারণে 37,300 টি ক্যান্সার হয়

এটি প্রতি পনের মিনিটে, প্রতিদিন, সারা বছর ধরে একজন ব্যক্তির সমান।

হিউম্যান প্যাপিলোমাইভাস (HPV) খুবই সাধারণ।

- প্রতি বছর তেরো মিলিয়ন আমেরিকানদের HPV-এর সাথে রোগনির্ণয় হয়ে থাকে। **অর্ধেকেরও বেশি পনের থেকে চব্বিশ বছর বয়সের মধ্যে।**



*জিহ্বা ও টনসিলের গোড়াসহ গলার পেছনের অংশে ক্যান্সার

HPV টিকাটি প্রচলিত কার্যকরী।

- টিকাটি সবচেয়ে সাধারণ ক্যান্সার-সৃষ্টিকারী HPV-এর বিরুদ্ধে সুরক্ষা প্রদান করে।
- টিকাটি লাইসেন্স পাওয়ার আগে অনেক বড় বড় অধ্যয়ন দেখিয়েছিল যে এটি:
 - সারভাইকাল, ভ্যাজিনাল এবং ভ্যালভার প্রাক-ক্যান্সার প্রতিরোধ করার ক্ষেত্রে প্রায় 100% কার্যকরী ছিল
 - পায়ুদ্বারা প্রাক-ক্যান্সার প্রতিরোধ করার ক্ষেত্রে প্রায় 75% কার্যকরী ছিল
- আরও সাম্প্রতিক অধ্যয়নে দেখা গেছে যে এটি:
 - সতের বছর বয়স হওয়ার আগে টিকাকরণ করানো মেয়েদের এবং মহিলাদের মধ্যে সারভাইকাল ক্যান্সারের ঝুঁকি 88% কমিয়ে দিয়েছে।
 - মুখের এবং অরোফ্যারিঞ্জিয়াল HPV সংক্রমণ 82%-এর বেশি হ্রাস করেছে।
- টিকা চালু হওয়ার পর থেকে কিশোরী মেয়ে এবং যুবতী মহিলাদের মধ্যে টিকাটি দ্বারা উদ্ভিষ্ট HPV সংক্রমণগুলি 80%-এর বেশি কমে গেছে।
- একুশ বছর বা তার কম বয়সী পুরুষদের মধ্যে, যৌনাঙ্গে আঁচিল হওয়ার ঘটনাগুলিকে টিকাটি 82% হ্রাস করছে বলে দেখা গেছে।
- এখনও পর্যন্ত প্রাপ্ত প্রমাণ দেখায় যে সুরক্ষাটি দীর্ঘস্থায়ী হচ্ছে। HPV টিকাকরণ 90%-এর বেশি HPV-সৃষ্ট ক্যান্সারের বিকাশকে প্রতিরোধ করতে পারে।

HPV টিকাটি নিরাপদ।

- লাইসেন্স দেওয়ার আগে স্বাস্থ্য বিশেষজ্ঞরা টিকাটিকে অধ্যয়ন করেছিলেন। তারা দেখেছেন যে টিকা দেওয়ার পরে গুরুতর স্বাস্থ্য সমস্যা হওয়া বিরল এবং তার হার একেবারেই টিকা না পাওয়া লোকদের মতোই ছিল।
- 2006 সাল, যখন টিকাটি প্রথম এসেছিল, তার পর থেকে বিশ্বব্যাপী 270 মিলিয়নেরও বেশি ডোজ দেওয়া হয়েছে।
- স্বাস্থ্য বিশেষজ্ঞরা টিকাটির নিরাপত্তা সম্পর্কে নিরীক্ষণ চালিয়ে যাচ্ছেন। সতের বছরেরও বেশি সময় ধরে, টিকাকরণের সাথে কোনো গুরুতর নিরাপত্তা-সংক্রান্ত উদ্বেগ যুক্ত করা হয়নি।
- রিপোর্ট করা সবচেয়ে সাধারণ পার্শ্বপ্রতিক্রিয়াটি হল হালকা এবং এবং স্বল্পস্থায়ী। এগুলিতে অন্তর্ভুক্ত রয়েছে:
 - ইঞ্জেকশন দেওয়ার জায়গায় ব্যথা (প্রায় দশ জনের মধ্যে আট জনকে প্রভাবিত করে)।
 - ইঞ্জেকশন দেওয়ার জায়গায় লাল ভাব বা ফুলে যাওয়া (প্রায় চার জনের মধ্যে এক জন)।
 - অল্প-মাত্রার জ্বর (প্রায় দশ জনের মধ্যে এক জন)।
 - বমি ভাব এবং মাথাব্যথা (প্রায় তিন জনের মধ্যে এক জন)।
 - মাথা ঘোরা বা অঙ্গান হয়ে যাওয়া: যেকোনো টিকাকরণের পর সাধারণ মানুষদের থেকে কিশোর/কিশোরীদের মধ্যে মাথা ঘোরা বা অঙ্গান হয়ে যাওয়া বেশী দেখা যায়।
- অন্যান্য টিকার সঙ্গে একই সময়ে HPV টিকা গ্রহণ করা নিরাপদ। Tdap, মেনিঙ্গোকোকাল, ফ্লু এবং কোভিড-19 টিকাগুলি গ্রহণের জন্য আপনার সন্তানের সাক্ষাতটি তাদের HPV-এর বিরুদ্ধে টিকা নেওয়ার জন্য একটি দুর্দান্ত সময়।

HPV টিকা আপনার শিশুর জীবন বাঁচাতে পারে।

আজই আপনার শিশুর স্বাস্থ্য সেবা প্রদানকারীর সঙ্গে এটির বিষয়ে কথা বলুন। তেরো বছর বয়স, যখন টিকাটি সবচেয়ে ভালো কাজ করে, তার আগেই আপনার সন্তানকে টিকাকরণ করানোর বিষয়টি নিশ্চিত করুন।

NYC
Health